

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।

০৬/০৮/১৮
লিখিত

নং-৫২.০১.০০০০.১০২.৫৮.৬৬৬.০২-২০৭৮

তারিখঃ ২০/০৮/১৮ ১৪২৫ বঙ্গাব্দ
০৬/০৮ ২০১৮ খ্রিস্টাব্দ

প্রাপকঃ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
উপজেলা হিসাবরক্ষণ কার্যালয়
ঘোড়াঘাট, দিনাজপুর।

বিষয়ঃ সাধারণ ভবিষ্য তহবিল হিসাব নং-১১/হাকিম/পরিসংখ্যান/০১ হতে গৃহীত ১ম এবং ২য় ফেরৎযোগ্য অগ্রিমের অপরিশোধিত টাকাকে ২য় দফা অফেরৎযোগ্য অগ্রিম হিসেবে মঞ্জুরী।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস এর আওতাধীন দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের জুনিয়র পরিসংখ্যান সহকারী, জনাব মোঃ জিল্লুর রহমানকে তার সাধারণ ভবিষ্য তহবিল হিসাব নং- ১১/হাকিম/পরিসংখ্যান/০১ হতে মঞ্জুরী আদেশ নং-৫২.০১.২৭০০.০০০.০১.১১৯.৮৬-৫০৪(৫) তারিখঃ ০৩/০৪/১৬ অনুযায়ী ১,০৮,০০০/- (এক লক্ষ আট হাজার) টাকা ফেরতযোগ্য ১ম দফা অগ্রিমের মঞ্জুরী প্রদান করা হয়েছিল। উক্ত অগ্রিমের কিস্তির টাকা বেতন বিলের মাধ্যমে ৩০০০/- টাকা হারে ১৮ কিস্তিতে মোট (৩০০০x১৮)=৫৪,০০০/- টাকা পরিশোধের পর অবশিষ্ট (১,০৮,০০০-৫৪,০০০)=৫৪,০০০/- টাকা অপরিশোধিত রয়েছে এবং মঞ্জুরী আদেশ নং-৫২.০১.২৭০০.০০০.০১.১১৯.৮৬-৫৮৩(৬) তারিখঃ ০৮/০৮/২০১৭ অনুযায়ী ফেরৎযোগ্য ২য় অগ্রিম বাবদ ১,৫০,০০০/- টাকা ২য় দফা অগ্রিমের মঞ্জুরী প্রদান করা হয়েছিল। উক্ত অগ্রিমের কিস্তির টাকা বেতন বিলের মাধ্যমে ৫০০০/- টাকা হারে ৫ কিস্তিতে মোট (৫০০০x৫)=২৫,০০০/- টাকা পরিশোধের পর অবশিষ্ট (১,৫০,০০০-২৫,০০০)=১,২৫,০০০/- টাকা অপরিশোধিত রয়েছে।

০২। জনাব মোঃ জিল্লুর রহমান, জুনিয়র পরিসংখ্যান সহকারীকে তার আবেদনের প্রেক্ষিতে সাধারণ ভবিষ্য বিধিমালা ১৯৭৯ এর ১৩(১০) সংখ্যক ধারার আওতায় উক্ত ১ম ও ২য় ফেরৎযোগ্য অগ্রিমের অপরিশোধিত মোট (৫৪,০০০/-+১,২৫,০০০/-)=১,৭৯,০০০/- (এক লক্ষ উনআশি হাজার) টাকাকে ২য় দফা অফেরৎযোগ্য অগ্রিম হিসেবে মঞ্জুরী প্রদান করা হলো।

০৩। তার জন্ম তারিখ ১৫/০৭/১৯৬৫ অনুসারে বর্তমান বয়স ৫২ (বায়ান্ন) বৎসরের অধিক বিধায় এ অগ্রিম চূড়ান্ত উত্তোলনের অংশ হিসেবে গণ্য হবে।

০৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ মঞ্জুরী আদেশ জারী করা হলো।

স্বঃ
মোহাম্মদ আবদুল কাদির মিয়া
পরিচালক(প্রশাসন)
ফোন: ০২-৮১৮১৪২১
e-mail: makm_fyff@yahoo.com.

নং-৫২.০১.০০০০.১০২.৫৮.৬৬৬.০২-২০৭৮

তারিখঃ ২০/০৮/১৮ ১৪২৫ বঙ্গাব্দ
০৬/০৮ ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

০১। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রংপুর।

০২। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজপুর।

০৩। প্রোগ্রামার, ওয়েবসাইট শাখা, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।

০৪। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর।

০৫। জনাব মো. জিল্লুর রহমান, জুনিয়র পরিসংখ্যান সহকারী, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর।

০৬। অফিস কপি/ব্যক্তিগত নথি।

স্বঃ
মো. হেফজুর রহমান
উপপরিচালক